# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার
প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ২৬/১২/২০২৪ খ্রি.
সময় : বিকাল : ৩-০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ১৯/১১/২০২৪ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলোঃ-

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ-**<br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ইজিবাইক লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনাঃ-**<br>সভায় উপস্থিত লাইসেন্স পারিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন, পৌরসভার অভ্যন্তরে চলাচলকারী ইজিবাইকের নম্বর গ্রহনের ক্ষেত্রে সরকার নির্ধারিত ফি প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। সভায় উপস্থিত জনাব এস এম রেজাউল করিম, পৌর নির্বাহী কর্মকর্তা বলেন, পৌর এলাকায় ইজিবাইক চলাচল করার ক্ষেত্রে সবাইকে নম্বর প্লেট প্রদানের জন্য প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়তা কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, অন্যান্য পৌরসভার ন্যায় আয় বৃদ্ধি করার লক্ষ্যে চুয়াডাঙ্গা পৌরসভায় ইজিবাইকের নম্বর প্লেট প্রদান করা যেতে পারে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার উপরোক্ত মতামতের ভিত্তিতে ইজিবাইকের নম্বর প্লেট প্রদানের সিদ্ধান্ত দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পৌর এলাকার মধ্যে চলাচলকারী সকল ইজিবাইকের নম্বর প্লেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে চলাচলকারী সকল ইজিবাইকের নম্বর প্লেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনাঃ-**<br>সভায় উপস্থিত মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা পৌরসভার অবকাঠামো উন্নয়ন কাজ প্রসঙ্গে জানতে চাইলে সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন, কোভিড-১৯ প্রকল্পের আওতায় নিম্ন বর্ণিত কাজগুলি অনুমোদিত হয়েছে। যাহা অচিরেই দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।<br>1. Upgrading of Road by RCC Work from Gulshan Para Shabu auto station to Mr. Alamgir Hosain House (Ch 0.00-196.00m) Word-09, Under Chuadanga Pourashava, Chuadanga.<br>2. Upgradingof Road by RCC Work from Pouro College Para Mr. Belal House to Mr. Choncol House (Ch 0.00-60.00m), Word-05, Under Chuadanga Pourashava, Chuadanga.<br>3. Upgrading of Road by RCC from Sadak Ali Mollik Para a) Kokali Member house to Mohila collage Road Principle Shohidul sir house (Ch.00-175.00m), Word no -03 Under Chuadanga Pourashava<br>4. Upgradingof RCC Road From Eid goa Road to Upazila Gate (ch 00-230.00m) Under Chuadanga Pourashava (Ward No-09).<br>5. Construction of RCC Drain work from RHD Road Alamdanga Busstand to Rail Para way Boro Mosque More (Sohel House) ch 00-130.00m Under Chuadanga Pourashava. Word-05<br>6. Construction of RCC Drain Work from Sadak Ali Mollik Para a) Kokali Member house | কাজের গুনগত মান বজায় রেখে সিডিউল মোতাবেক কাজগুলি দ্রুত বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>to Mohila collage Road Principle Shohidul sir house (Ch.00-175.00m), Word no -03 Under Chuadanga Pourashava<br>7. Construction of RCC Drain from Eid goa Road to Upazila Gate (ch 00-230.00m) Under Chuadanga Pourashava (Ward No-09).<br>8. Construction of RCC Drain work from RHD Road Chuadana Jil Khana to Matha Bhanga River ch 00-370.00m Under Chuadanga Pourashava. Word-01 (Drainage Outfall)<br>9. Maintenance (Overlay) of Road by DBC from Govt. College Road Seed Office to Disital More (Ch 0.00-950.00m), Word-08 & 09, Under Chuadanga Pourashava, Chuadanga.<br>10. Upgrading of RCC Road Work From Cenama Hall Para) R&H Road Gov. College road to cenama hall Para road at Kat potti road (Ch 0.00-232.00m) b) Kat Potti road Aminul House at Cenama Hall Para (0.00-120.00m), (Ward No-09) Under Chuadanga Pourashava.<br>11. Construction of RCC Drain Work From Cenama Hall Para a) R&H Road Gov. College road to cenama hall Para road at Kat potti road (Ch 0.00-232.00m) b) Kat Potti road Aminul House at Cenama Hall Para (0.00-120.00m), (Ward No-09) Under Chuadanga Pourashava.<br>12. Construction of RCC Drain Work from Gulshan Para Polash Para Road Mr. Abdur Razzak Khan House to Dr. Abul Hossain House via Rajdhani Clinic (Ch 0.00-450.00m), Word-09, Under Chuadanga Pourashava, Chuadanga.<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, উপরোক্ত কাজের গুনগত মান বজায় রেখে সিডিউল মোতাবেক কাজগুলি দ্রুত বাস্তবায়ন করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>০৪</td><td><u>ক্যাবল নেটওয়ার্ক/ওয়াইফাই এর পৌর কর আদায়ের বিষয়ে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, পৌর এলাকায় অবস্থিত কেবল নেটওয়ার্ক/ওয়াইফাই এর পৌর কর আদায়ের জন্য 'পৌরসভা আদর্শ কর তফশিল ২০১৪' ধারা ১১/৫ এর বিধি মতে পৌর এলাকায় ক্যাবল নেটওয়ার্ক লাইন সংযোগের ক্ষেত্রে সংযোগদানকারী প্রতিষ্ঠান হতে প্রতিটি সংযোগের বিপরীতে বাৎসরিক ১০% (দশ টাকা) হারে কর নেওয়ার বিধান রয়েছে। সভায় উপস্থিত কমিটির অপর সদস্য জনাব মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, উপরোক্ত বিষয়ের উপর কর নেওয়ার বিধান থাকায় এ বিষয়ে তিনি একমত পোষন করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ সরকারি গেজেট অনুযায়ী উক্ত কর আদায়ের ক্ষেত্রে লাইসেন্স পরিদর্শক, জনাব মোঃ আব্দুল মুহাইমিনকে নির্দেশনা প্রদান করেন।</td><td>চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে ক্যাবল নেটওয়ার্ক/ওয়াইফাই এর পৌর কর আদায়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা/ লাইসেন্স পরিদর্শক</td></tr>
<tr><td>০৫</td><td><u>পৌরসভা চত্বরের গাছ কর্তন ও পরিত্যক্ত গার্বেজ ট্রাক এবং রোড রোলার নিলামের বিষয়ে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার সভায় জানান গত ইং ১৯/১২/২০২৪ তারিখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মহোদয় জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম পৌরসভা পরিদর্শন কালে পৌরসভা চত্বরের গাছ কর্তন ও পরিত্যক্ত গার্বেজ ট্রাক এবং রোড রোলার নিলামে বিক্রয়ের জন্য পরামর্শ দেন এবং কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংখ্যক রুম না থাকায় কক্ষ সংখ্যা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পরামর্শ দেন। সভায় উপস্থিত কমিটির অপর সদস্য জনাব মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, উক্ত গাছ ও পরিত্যক্ত গার্বেজ ট্রাক এবং রোড রোলার নিলামের মাধ্যমে বিক্রয় করে পৌরসভার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে বিধি অনুযায়ী কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রস্তাব মোতাবেক নিলামের মাধ্যমে গাছ কর্তন ও পরিত্যক্ত গার্বেজ ট্রাক এবং রোড রোলার বিক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে কমিটির সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী প্রকৌশলী</td></tr>
<tr><td>০৬</td><td><u>১৪৩১ সনের হাট বাজার ইজারার বকেয়া আদায় বিষয়ে আলোচনা:-</u><br><table>
<tr><th>ক্রঃ নং</th><th>হাট/বাজারের নাম</th><th>ইজারাদারের নাম</th><th>অর্থ বছর</th><th>ইজারা মূল্য</th><th>বকেয়া টাকার পরিমাণ</th></tr>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">বাসটার্মিনাল র‍্যাম</td><td>মোঃ সোহেল</td><td>২০২৩-২৪</td><td>১,১৯,৬০০/-</td><td>৪৭,৪০০/-</td></tr>
<tr><td>মোঃ রাজিব হোসেন</td><td>২০২৪-২৫</td><td>৮১,২৫০/-</td><td>৫১,২৫০/-</td></tr>
<tr><td rowspan="2">২</td><td rowspan="2">চুয়াডাঙ্গা সলিরহাট</td><td>মোঃ হাফিজুর রহমান পান্না</td><td>২০২২-২৩</td><td>১৬,৫৫০/-</td><td>৫,৯১৩/-</td></tr>
<tr><td>মোঃ হাফিজুর রহমান পান্না</td><td>২০২৩-২৪</td><td>১৮,২০০/-</td><td>১২,৫০০/-</td></tr>
</table></td><td>১৪৩১ সনের হাট বাজার ইজারার বকেয়া আদায় বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রশাসন শাখা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>৩</td><td>কেদারগঞ্জ বাজার</td><td>মোঃ ইকরামুল হক</td><td>২০২৩-২৪</td><td>১,৩০,০০০/-</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td rowspan="2">৪</td><td rowspan="2">কুলচারা মোড়ে বালিভর্তি গাড়ীর টোল আদায়</td><td>মোঃ ইনামুল হক</td><td>২০২২-২৩</td><td>৪৬,২৫০/-</td><td>৮,৩০০/-</td></tr>
<tr><td>মোঃ সামিউল শেখ সুইট</td><td>২০২৩-২৪</td><td>১,৩৩,২৫০/-</td><td>২৭,১২৫/-</td></tr>
<tr><td rowspan="2">৫</td><td rowspan="2">আন্তঃজেলা বাসটার্মিনাল</td><td rowspan="2">মোঃ সাব্বির হাসান আশিক</td><td>২০২২-২৩</td><td>৮,৩৭,৫০০/-</td><td>১,২৭,৫০০/-</td></tr>
<tr><td>২০২৩-২৪</td><td>১০,৪৭,৫০০/-</td><td>৮,০২,৮০০/-</td></tr>
<tr><td>৬</td><td>পুরাতন সাইকেল ক্রয় বিক্রয়</td><td>মোঃ মারুফ হোসেন</td><td>২০২৪-২৫</td><td>১,৩৯,১০০/-</td><td>৭৫,১০০/-</td></tr>
<tr><td>৭</td><td>পশু জবেহ ফিস</td><td>মোঃ সামিউল শেখ সুইট</td><td>২০২৪-২৫</td><td>১,১৪,৪০০/-</td><td>৮৪,৪০০/-</td></tr>
<tr><td>৮</td><td>রেল বাজার</td><td>মোঃ ফিরোজ</td><td>২০২৩=২৪</td><td>১,৪৩,৬৫০/=</td><td>৯২,১২৫/=</td></tr>
<tr><td colspan="4">মোট টাকা=</td><td>২৮,২৭,২৫০/-</td><td>১৩,৭৪,৪১৩/-</td></tr>
</table>
উপরোক্ত বকেয়া পরিশোধের জন্য হাটবাজার নীতিমালা-২০১১ অনুযায়ী ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
</td><td></td><td></td></tr>
<tr><td>০৭</td><td><u>পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত সম্মানিত সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা তিনি চুয়াডাঙ্গা পৌরসভার নভেম্বর'২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম জানান যে, নভেম্বর'২৪ মাসের মোট পানি শাখার আয় ২১,৭৫,৯১৮.৪০ টাকা ও ব্যয় ২১,৮০,৯৮২.০০ টাকা এবং রাজস্ব খাতের আয় ৬৬,৬৯,২৯৯.৩৭ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ৫৫,৮৫,২০৪.০০ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।</td><td>কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা</td><td>হিসাব রক্ষণ কর্মকর্তা</td></tr>
<tr><td>০৮</td><td><u>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-</u><br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম সভায় জানান যে, নভেম্বর/২৪ মাসে আদায় হয়েছে ৮৪,৭৪,৩৮২/- মাত্র। অর্ন্তবর্তীকালীন ৫টি নতুন হোল্ডিং কর ধার্য্য করা হয়েছে। টাকার পরিমাণ= ৩৬,১৫০/-টাকা। পৌরকর আদায়ের অগ্রগতির জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক আদায়কারীকে বকেয়া বিল আদায়ের জন্য দিক নির্দেশনা দেয়া হয় সহ এলাকা ভিত্তিক বকেয়া পৌরকর আদায়ের জন্য টিম গঠন পূর্বক আদায়ের ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পৌরকর আদায়ের জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক আদায়কারীকে বকেয়া বিল আদায়ের জন্য দিক নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়াও টিম গঠন করে এলাকা ভিত্তিক বকেয়া পৌরকর আদায়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>এসেসর</td></tr>
<tr><td>০৯</td><td><u>স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান যে, নভেম্বর'২৪ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৪৬৮টি পুরুষ=২৩০ ও মহিলা=২৩৮ এবং মৃত্যু নিবন্ধন হয়েছে ৩৩টি পুরুষ=২০ ও মহিলা=১৩। জন্ম নিবন্ধন শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালনের জন্য দিক নির্দেশনা দেন।</td><td>জন্ম নিবন্ধন শাখায় কর্মরত সকলকে আরও গুরুপ্ত সহকারে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>সেনেটারী ইন্সপেক্টর</td></tr>
<tr><td></td><td><u>ক) স্যানিটেশন  সম্পর্কে আলোচনা:-</u><br>ক) সভায় উপস্থিত চুয়াডাঙ্গা পৌরসভার সম্মানিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব, এম. সাইফুল্লাহ বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকায় কতটি ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টার আছে তার ক্রাইটেরিয়া তৈরী করার ক্ষেত্রে স্থাপনার আয়তন ও আর্থিক সংগতি অনুযায়ী নির্ধারণ করার জন্য সেনেটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহানকে নির্দেশনা দেন। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জানান পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) নভেম্বর-২০২৪ ইং মাসে গরু জবেহ করা হয় ১৯২টি, ছাগল ১১৭২টি।</td><td>চুয়াডাঙ্গা পৌর এলাকায় কতটি ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টার আছে তার ক্রাইটেরিয়া তৈরী করার ক্ষেত্রে স্থাপনার আয়তন ও আর্থিক সংগতি অনুযায়ী নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সেনেটারী ইন্সপেক্টর</td></tr>
<tr><td></td><td><u>খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-</u><br>খ) টিকাদান কর্মসুচি বিষয়ে আলোচনাকালে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন নভেম্বর/২০২৪ মাসে কাজের বিবরন অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- পেন্টা-১, ১৯৫, পেন্টা-২, ২১৩টি, পেন্টা-৩, ২১৩টি,  পোলিও-১, ১৯৫টি, পোলিও-২, ২১৩টি</td><td>টিকা কেন্দ্রে আগত অভিভাবকগণকে ৪৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে শিশুর</td><td>টিকাদান সুপারভাইজার</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পোলিও-৩, ২১৩টি, পিসিভি-১, ১৯৫টি, পিসিভি-২, ২১৩টি, পিসিভি-৩, ২১৩টি, এম আর-১, ২৩৭টি, এম আর-২, ১৯৩টি, আইপিভি-১, ১৯৫টি, আইপিভি-২, ২১৩টি, টিডি-১, ৭২টি, টিডি-২, ১০৯টি, টিডি-৩, ১০০টি, টিডি-৪, ১০৮টি, টিডি-৫, ১৫৬টি প্রদান করেন। আলোচনায় টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের পাশাপাশি টিকা কেন্দ্রে আগত অভিভাবকগণকে ৪৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার পরামর্শ প্রদানের জন্য টিকাদান সুপারভাইজারকে পুনরায় নির্দেশনা প্রদান করেন। | জন্ম নিবন্ধন নিশ্চিত করার পরামর্শ প্রদানের জন্য টিকাদান সুপারভাইজারকে পুনরায় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | **<u>গ) ময়লা-আবর্জনা, পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:</u>**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, আমাদের ওয়ার্ড ভিত্তিক ০৯টি ব্যাটারী চালিত ভ্যান পৌরসভা কর্তৃক পরিচালনা করার জন্য দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারী নিয়োগের মাধ্যমে প্রতিদিন ময়লা আবর্জনা পরিষ্কারের ব্যবস্থা করা হচ্ছে। ময়লা আবর্জনা পরিষ্কার করার জন্য ০৯টি ওয়ার্ডকে ০৩টি ভাগে ভাগ করে ৩জনকে সুপারভাইজারের দায়িত্ব দেওয়ার প্রস্তাব করেন। ওয়ার্ড ভিত্তিক নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার জন্য জনগণকে সচেতন করতে হবে মর্মে প্রস্তাব করেন। সভায় উপস্থিত কমিটির অপর সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা তিনি ওয়ার্ড ভিত্তিক নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার নির্দেশনা দেন এবং চুয়াডাঙ্গা সদর হাসপাপতাল, কোর্ট প্রাঙ্গন ও ডিসি অফিস সহ শহরের গুরুত্বপূর্ণ এলাকায় নিয়মিত পরিষ্কারের জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা এম. সাইফুল্লাহ বলেন ময়লা আবর্জনা পরিষ্কারের ক্ষেত্রে পৌরসভার কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমানকে একটি নির্দিষ্ট সিডিউল অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য নির্দেশনা দেন। পরিশেষে সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদের মতামতের ভিত্তিতে ৩টি ওয়ার্ডের জন্য ১জন করে সুপারভাইজার হিসাবে দায়িত্ব প্রদানের মাধ্যমে সমগ্র পৌর এলাকার ময়লা আবর্জনা পরিষ্কার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩টি ওয়ার্ডের ক্ষেত্রে ১জন করে সুপারভাইজারকে দায়িত্ব প্রদানের মাধ্যমে সমগ্র পৌর এলাকার ময়লা আবর্জনা পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সী পরিদর্শক |
| ১০ | **<u>পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:</u>**<br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) নিম্ন আকারে নভেম্বরর/২৪ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৫টা, পুনঃ সংযোগ ০১টা, ডায়া উন্নয়ন ০০টা, নাম পরিবর্তন ০৩টা, স্থান পরিবর্তন-০১ টা, ডায়া কর্তন-০২টা, ২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী =২,৮৬,৬১,৬৩৭/-টাকা। নভেম্বর'২০২৪ পর্যন্ত মোট আদায় =১,০৭,২৬,৩৫১/-টাকা, বকেয়া দাবী=৫২,৭২,৯৪১/-টাকা, নভেম্বর'২০২৪ পর্যন্ত বকেয়াসহ আদায়=২২,০৩,৭১৯/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫০৮৬ টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৮০৮ (কর্তন ১২৮৮) মোট মটর গ্রাহক সংখ্যা ১১৭০ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের স্বার্থে নিয়মিত অভিযান পরিচালনার জন্য নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম আরও গতিশীল করা ও বকেয়া পানির বিল আদায়ের স্বার্থে নিয়মিত অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| ১১ | বিবিধ:-<br>ক) পৌর টাউন হল সুপার মার্কেট ও কেদারগঞ্জ বাজারে দোকান ও সেড বরাদ্দ বিষয়ে আলোচনা:-<br>খ) ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা:<br>গ) কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা:-<br>ঘ) আবুল হোসেন পৌর পাবলিক লাইব্রেরী স্থানান্তর বিষয়ে আলোচনা:-<br>ঙ) ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত ব্যয় বিষয়ে আলোচনা:-<br>চ) মশক নিধন, ড্রেন পরিষ্কার ও ঝোপ-ঝাড় পরিষ্কার করা বিষয়ে আলোচনা:-<br>ক) সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, UGIIP-III প্রকল্পের মাধ্যমে প্রায় ৯.৬০ কোটি টাকা ব্যয়ে ১০তলা ফাউন্ডেশন দিয়ে ২য় তলা পর্যন্ত কাজ সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে মার্কেটটি পৌরসভার নিকট হস্তান্তর করা হয়েছে। মার্কেটে নির্মিত দোকানগুলি অতিসত্বর বরাদ্দ দেওয়া প্রয়োজন (১ম ও ২য় তলার বিভিন্ন আয়তনের মোট ২৮টি দোকান রয়েছে)। এছাড়াও কেদারগঞ্জ বাজারে নির্মিত ৮টি দোকান ও সেড বরাদ্দ দেওয়া প্রয়োজন।<br>খ) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগ হতে জারিকৃত পরিপত্র (স্মারক নং-পৌর-২/বিবিধ-১/২০০২/১২৬০, তারিখ: ১২/১০/২০০৫) মোতাবেক অর্থ জমা ও ব্যয়ের ক্ষেত্রে তফশিলভূক্ত ব্যাংকে প্রয়োজনীয় সংখ্যক হিসাব রেখে অন্যান্য অপ্রয়োজনীয় হিসাব বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। উল্লেখ্য যে, সকল পৌরসভায় ব্যাংকিং পদ্ধতিতে পৌরকর ও পানির ট্যাক্স আদায় হচ্ছে সে সকল পৌরসভায় প্রয়োজীয় সংখ্যক হিসাব খোলা রাখার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ পৌরসভার পৌরকর ও পানির বিল প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত | ক) পৌর পাবলিক মার্কেট আদর্শ উপ আইন মালা/২০০৩ অনুসরণ পূর্বক মার্কেটের দোকন সমূহ ও সেডটি বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সভায় আলোচনান্তে পৌরকর ও পানির বিল আদায়ের স্বার্থে ক) অগ্রণী ব্যাংক, কেদারগঞ্জ শাখা খ) অগ্রণী ব্যাংক, বড় বাজার শাখা, গ) জনতা ব্যাংক, রেল বাজার শাখা ঘ) স্ট্যান্ডার্ড ব্যাংক, চুয়াডাঙ্গা শাখায় হিসাব চলমান রেখে পানি ও পৌরকরের অন্যান্য হিসাব বন্ধ | প্রশাসন বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ব্যাংক হিসাব কমানোর প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক আদায়ের স্বার্থে সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম পানি শাখার ১১টি হিসাবের মধ্যে ৪টি হিসাব যথাক্রমেঃ ক) অগ্রণী ব্যাংক, কেদারগঞ্জ শাখা, হিসাব নং-১০১৮ খ) অগ্রণী ব্যাংক, বড় বাজার শাখা, হিসাব নং-৫০৬৩/৩৩৩৭, গ) জনতা ব্যাংক, রেল বাজার শাখা, হিসাব নং-৮৪১৬ ও ঘ) স্ট্যান্ডার্ড ব্যাংক, চুয়াডাঙ্গা শাখা, হিসাব নং-৫৪২ বাদে অন্যান্য হিসাব বন্ধ রাখার প্রস্তাব করেন। এবং পৌরকরের ৬টি হিসাবের মধ্যে ৪টি হিসাব যথাক্রমে- ক) অগ্রণী ব্যাংক, কেদারগঞ্জ শাখা, হিসাব নং-৯১১ খ) অগ্রণী ব্যাংক, বড় বাজার শাখা, হিসাব নং-৩২৭৩, গ) জনতা ব্যাংক, রেল বাজার শাখা, হিসাব নং-১০৯৭ ও ঘ) স্ট্যান্ডার্ড ব্যাংক, চুয়াডাঙ্গা শাখা, হিসাব নং-২৪৯ বাদে অন্যান্য হিসাব বন্ধ রাখার প্রস্তাব করেন।<br>গ) চুয়াডাঙ্গা পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি হিসাব সোস্যাল ইসলামী ব্যাংক হতে বন্ধ পূর্বক সোনালী ব্যাংক, চুয়াডাঙ্গা শাখায় স্থানান্তর করার জন্য পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার নির্দেশনা দেন। নির্দেশনা অনুযায়ী উক্ত হিসাব স্থানান্তর করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রোজাউল করিম বলেন যে, পৌর টাউন হল সুপার মার্কেটের নীচ তলায় অস্থায়ীভাবে চালুকৃত আবুল হোসেন পাবলিক লাইব্রেরীটি পৌর মার্কেটের সৌন্দর্য্য বর্ধনের জন্য পূর্বের ন্যায় ২য় তলায় দক্ষিণ পাশের ২টি কক্ষে স্থানান্তর করা প্রয়োজন।<br>ঙ) ২০২৪-২৫ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ পৌরসভার অনুকূলে ১ম কিস্তির অর্থ বাবদ ৪.৪৪ (লক্ষ টাকার) বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে প্রজনন স্বাস্থ্য সেবা যথা নবজাতক ও শিশু স্বাস্থ্যসেবা, পুষ্টিসেবা, গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসম্মত পুষ্টিকর খাদ্য সামগ্রী প্রদান, সাধারণ রোগের চিকিৎসার স্বার্থে মেডিকেল ক্যাম্প ও যোগাযোগের মাধ্যমে আচরন পরিবর্তন, উঠান বৈঠক, মা সমাবেশ, পরিবার কল্যাণ সেবা বাবদ ৩.০ (লক্ষ টাকা) RFQ তথা কোটেশন পদ্ধতির মাধ্যমে ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) ২০২৩-২৪ অর্থ বছরের উন্নয়ন বাজেটে স্থানীয় সরকার বিভাগ পৌরসভা সমূহের জন্য ডেঙ্গু মশক নিধন, পরিষ্কার পরিচ্ছন্নতা ও প্রচার উপখাতে বরাদ্দকৃত (২য়-৪র্থ) কিস্তির ৫.৪০ (লক্ষ টাকা) যাহা নির্ধারিত সময় সীমার মধ্যে ব্যয় করা সম্ভব হয়নি। তবে মশক নিধন, পরিষ্কার পরিচ্ছন্নতা, ড্রেন পরিষ্কার কাজ সমূহ পৌরসভার নিয়মিত কাজ বিধায় উক্ত অর্থ যথাযথ বিধি অনুসরন পূর্বক ব্যয় করার বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে মশক নিধনের লক্ষে ঔষধ ক্রয়, ঝোপ-ঝাড় পরিষ্কার ও বিশেষ পরিচ্ছন্নতা কর্মসূচী, পৌরসভা প্রত্যেক ওয়ার্ড সমূহে সচেতনা বৃদ্ধির লক্ষে উঠান বৈঠক সহ অন্যান্য খরচ বাবদ ২(দুই) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উল্লেখিত কাজ সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাখার সিদ্ধান্ত হয়।<br>গ) পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি হিসাব সোস্যাল ইসলামী ব্যাংক হতে বন্ধ পূর্বক সোনালী ব্যংক, চুয়াডাঙ্গা শাখায় স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) পৌর টাউন হল সুপার মার্কেটের নীচ তলায় অস্থায়ীভাবে চালুকৃত আবুল হোসেন পাবলিক লাইব্রেরীটি পূর্বের ন্যায় ২য় তলায় দক্ষিণ পাশে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয় | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২১/০১/২৫
(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/১৪৭

তারিখঃ ২১/০১/২০২৫

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUIGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। জনাব.......................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

২১/০১/২৫
(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা